

কালক্ষেপণ ও মজুরি কমানোর চক্রান্ত বন্ধ কর

গার্মেন্টস শ্রমিকদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা দাবি



গার্মেন্টস শ্রমিকদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকার দাবিতে ঢাকায় গার্মেন্টস শ্রমিক ফ্রন্টের মিছিল

গার্মেন্টস শ্রমিকদের জন্য নতুন মজুরি কাঠামো নির্ধারণের নিমিত্তে গঠিত মজুরি বোর্ডের তৃতীয় বৈঠকে মালিক পক্ষের প্রতিনিধি এবং সরকার মনোনীত শ্রমিক প্রতিনিধির উত্থাপিত মজুরি প্রস্তাব প্রত্যাখান এবং নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা ঘোষণার দাবিতে ১৮ জুলাই '১৮ জাতীয় প্রেস ক্লাবের সামনে 'গার্মেন্টস শ্রমিক ফ্রন্ট' এর আহবানে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি আহসান হাবিব বুলবুল এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন শ্রমিকনেতা খালেকুজ্জামান লিপন, সেলিম মাহমুদ, জাহাঙ্গীর আলম গোলক, খুরশিদ আলম মিথুন, সৌমিত্র কুমার দাস ও সাইফুল ইসলাম শরীফ।

নেতৃবৃন্দ বলেন, ১৬ জুলাই গার্মেন্টস শ্রমিকদের জন্য গঠিত নিম্নতম মজুরি বোর্ডের তৃতীয় সভায় মালিক পক্ষের প্রতিনিধি ৬ হাজার ৩৬০ টাকা এবং সরকার মনোনীত শ্রমিক পক্ষের প্রতিনিধি ১২ হাজার ২০ টাকা নিম্নতম মজুরি প্রস্তাব করেছেন। নেতৃবৃন্দ এই প্রস্তাবনা প্রত্যাখান করে বলেন, মজুরি বোর্ডে দাখিলকৃত প্রস্তাবনাতেই শ্রমিকদের দীর্ঘদিনের দাবি উপেক্ষিত হয়েছে। '১৩ সালে গার্মেন্টস শ্রমিকদের জন্য নিম্নতম মজুরি ৫ হাজার ৩০০ টাকা ধরে ঘোষিত মজুরি কাঠামোই প্রতি বছর ৫ শতাংশ হারে মজুরি বৃদ্ধির কথা ছিল। সেই হিসাবে বিদ্যমান মজুরিই ৬ হাজার ৪৫০ টাকার বেশি হওয়ার কথা। আর মালিকরা গার্মেন্টস শ্রমিকদের মজুরি ৬ হাজার ৩৬০ টাকা প্রস্তাব করেছেন। যা বেতন বৃদ্ধির পরিবর্তে শ্রমিকদের মজুরি কমানো এবং প্রতারণামূলক। এর মধ্যদিয়ে উস্কানি ও উত্তেজনা তৈরি করার মাধ্যমে সরকারকে বিভ্রান্ত করে শ্রমিকদের দাবির ন্যায্যতা আড়াল করার ষড়যন্ত্র আছে। নেতৃবৃন্দ আরও বলেন, নিম্নতম মজুরি বোর্ড দরকষাকষির জন্য গঠিত হয়নি। নিম্নতম মজুরি বোর্ডের দায়িত্ব হল শ্রমিকদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে মজুরি নির্ধারণ করা। তাই, জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, সরকারি পে-স্কেল, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, মাথাপিছু আয়, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ্য, দেশের ও সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা শ্রম আইনের নির্দেশনা, আই.এল.ও কনভেনশন অনুসারে মজুরি নির্ধারণে বিবেচ্য বিষয়, প্রতিযোগী দেশসমূহের শ্রমিকদের মজুরি এবং সর্বশেষ সরকারি কলকারখানের শ্রমিকদের জন্য ঘোষিত মজুরি কাঠামো বিবেচনা করে গার্মেন্টস শ্রমিক ফ্রন্টের পক্ষ থেকে গার্মেন্টস শ্রমিকদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা নির্ধারণ করার দাবিতে মজুরি বোর্ডে স্মারকলিপি প্রদান করে।

নেতৃবৃন্দ, মজুরি বোর্ডে মালিক পক্ষের প্রতিনিধির প্রস্তাবের নিন্দা ও সরকার মনোনীত শ্রমিক প্রতিনিধির প্রস্তাব প্রত্যাখার করে পুনঃবিবেচনার মাধ্যমে জুলাই মাসের মধ্যে গার্মেন্টস শ্রমিকদের নিম্নতম মজুরি ১৮ হাজার টাকা ভিত্তি ধরে মজুরি কাঠামো ঘোষণা করার জন্য মজুরি বোর্ডের প্রতি দাবি জানান।